



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/২০২১/৩৬১৯(২৬৫)

তারিখ : ২৫/১০/২০২১

বিষয় : ২০২১ সালের এসএসসি পরীক্ষার লিখিত উত্তরপত্র উপজেলা ভিত্তিক পুলিশ এসকটসহ হাতে হাতে শিক্ষা বোর্ডে জমাদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এসএসসি পরীক্ষা আগামী ১৪/১১/২০২১ তারিখ থেকে অনুষ্ঠিত হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা শেষ হওয়ার এক মাসের মধ্যে ফল প্রকাশ করতে হবে। ফলে সময় স্বল্পতার কারণে পরীক্ষা কেন্দ্র হতে ডাকযোগে উত্তরপত্র গ্রহণ করা সম্ভব হবে না। এ কারণে এসএসসি পরীক্ষার উত্তরপত্রসমূহ পরীক্ষা শেষে ঐ দিনই থানা/ট্রেজারী/ব্যাংক লকারে সংরক্ষণ করতে হবে এবং নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক কেন্দ্র সচিবগণকে একই উপজেলার সকল কেন্দ্রের উত্তরপত্র উপজেলা ভিত্তিক পুলিশ এসকটসহ হাতে হাতে শিক্ষা বোর্ডে জমা দিতে হবে। উল্লেখ্য নিরাপত্তা হেফাজতে সংরক্ষিত উত্তরপত্র শিক্ষা বোর্ডে জমাদানের নিমিত্তে থানা/ট্রেজারী/ব্যাংক লকার হতে গ্রহণের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে ছাড়পত্র গ্রহণ এবং গৃহীত ছাড়পত্রের মূলকপি উত্তরপত্র জমাদানের সময় শিক্ষা বোর্ডে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।


পরীক্ষার তারিখ	বিষয়	বিষয় কোড	পুলিশ এসকটসহ উত্তরপত্র হাতে হাতে শিক্ষা বোর্ডে জমাদানের তারিখ	জমাদানের সময়
১৪/১১/২০২১	১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়)	১৩৬	১৭/১১/২০২১ বুধবার	অফিস চলাকালীন সময়
১৫/১১/২০২১	১। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ২। হিসাব বিজ্ঞান	১৫৩ ১৪৬		
১৬/১১/২০২১	১। রসায়ন (তত্ত্বীয়)	১৩৭		
১৮/১১/২০২১	১। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)	১৩৩	২৪/১১/২০২১ বুধবার	
২১/১১/২০২১	১। ভূগোল ও পরিবেশ ২। ফিন্যান্স ও ব্যাংকিং	১১০ ১৫২		
২২/১১/২০২১	১। উচ্চতর গণিত (তত্ত্বীয়) ২। জীববিজ্ঞান (তত্ত্বীয়)	১২৬ ১৩৮		
২৩/১১/২০২১	১। পৌরনীতি ও নাগরিকতা ২। অর্থনীতি ৩। ব্যবসায় উদ্যোগ	১৪০ ১৪১ ১৪৩		

বিঃদ্র:- উল্লেখ্য একটি উপজেলার সকল কেন্দ্রের উত্তরপত্র সমন্বিতভাবে একই সাথে একটি গাড়িতে উপজেলা ভিত্তিক পুলিশ এসকটসহ শিক্ষা বোর্ডে জমাদানের ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০২১।


২৫/১০/২০২১

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/২০২১/৩৬১৯(২৬৫)

তারিখ : ২৫/১০/২০২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৩। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৪। ট্রেজারী অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৬। কেন্দ্র সচিব, অত্র বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষার কেন্দ্র- ২০২১।
- ০৭। ম্যানেজার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সোনালী/জনতা/অগ্রণী/ রূপালী ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৮। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার সকল থানা।
- ০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ১০। Website Copy.
- ১১। অফিস কপি।



পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর